গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা ২৩৩/২০১৮-২০১৯

ঢাকা, ৪ জুন মঙ্গলবার ২০১৯, ২১ জ্যৈষ্ঠ ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। আজ চাঁদ দেখা গেলে আগামীকাল ঈদ : সন্ধ্যায় চাঁদ দেখা কমিটির বৈঠক

২। পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে দেশবাসী ও বিশ্বের সব মুসলমানকে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী'র শুভেচ্ছা

৩। ফিনল্যান্ডে পৌঁছেছেন প্রধানমন্ত্রী

৪। প্রধানমন্ত্রীর পক্ষে ঈদ শুভেচ্ছা বিনিময় করবেন সেতুমন্ত্রী

৫। সড়কপথে ঈদযাত্রা স্বস্তিদায়ক হচ্ছে : সেতুমন্ত্রী

৬। গণমাধ্যমকর্মীসহ দেশবাসীকে তথ্যমন্ত্রীর ঈদ শুভেচ্ছা

৭। জাতীয় ঈদগাহে ঈদুল ফিতরের প্রধান জামাত সকাল সাড়ে ৮টায়
নিরাপত্তার জন্য জাতীয় ঈদগাহ ময়দানে প্রবেশে তিন দফা তল্লাশি : ডিএমপি কমিশনার

৮। চীনের সঙ্গে সম্পর্ক জোরদার করা হবে : রাষ্ট্রদূতকে স্পিকার

৯। আগামী ৭ জুন ঐতিহাসিক ৬ দফা দিবস : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী'র বাণী

১০। বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ জাপানি ভাষায় প্রকাশ

১১। ক্রিকেট বিশ্বকাপ উপলক্ষে স্মারক ডাকটিকিট অবমুক্ত করলেন ডাক ও টেলিযোগাযোগমন্ত্রী

১২। ইইসির সঙ্গে বাংলাদেশের বাণিজ্য সহযোগিতা স্মারক স্বাক্ষর

চলমান পাতা-২

১। আজ চাঁদ দেখা গেলে আগামীকাল ঈদ : সন্ধ্যায় চাঁদ দেখা কমিটির বৈঠক

ঈদের তারিখ নির্ধারণে আজ ৪ জুন মঙ্গলবার সন্ধ্যায় বৈঠকে বসছে জাতীয় চাঁদ দেখা কমিটি। শাওয়াল মাসের চাঁদ দেখা সাপেক্ষে এদিনই ঈদের তারিখ ঘোষণা করবে কমিটি। আজ চাঁদ দেখা গেলে আগামীকালই সারা দেশে উদ্‌যাপিত হবে ঈদুল ফিতর। চাঁদ দেখা না গেলে ঈদ হবে আগামী বৃহস্পতিবার। গতকাল (৩ জুন সোমবার) ইসলামিক ফাউন্ডেশনের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, আজ সন্ধ্যা সোয়া ৭টায় ফাউন্ডেশনের বায়তুল মোকাররম সভাকক্ষে জাতীয় চাঁদ দেখা কমিটির সভা অনুষ্ঠিত হবে। ধর্ম প্রতিমন্ত্রী শেখ মো. আব্দুল্লাহর সভাপতিত্বে এ সভা অনুষ্ঠিত হবে। সূত্র-**বণিকবার্তা** (পৃ.১,ক.১)।

২। পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে দেশবাসী ও বিশ্বের সব মুসলমানকে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী'র শুভেচ্ছা

পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে দেশবাসী ও বিশ্বের সব মুসলমানকে শুভেচ্ছা জানিয়েছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (৩ জুন সোমবার) ঈদুল ফিতর উপলক্ষে দেওয়া পৃথক বাণীতে তাঁরা এ অভিনন্দন জানান। রাষ্ট্রপতি তাঁর বাণীতে বলেন, ঈদ-উল-ফিতরের শিক্ষা সবার মাঝে ছড়িয়ে পড়ুক, গড়ে উঠুক সমৃদ্ধ বাংলাদেশ। অপর এক বাণীতে প্রধানমন্ত্রী বাংলাদেশ ও মুসলিমউম্মার উত্তরোত্তর উন্নতি, সমৃদ্ধি ও অব্যাহত শান্তি কামনা করেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১)।

৩। ফিনল্যান্ডে পৌঁছেছেন প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (৩ জুন সোমবার) বিকালে তাঁর ত্রিদেশীয় সফরের শেষ গন্তব্য ফিনল্যান্ড পৌঁছেছেন। তিনি পাঁচদিনের এক সরকারি সফরে সেদেশে অবস্থান করছেন। প্রধানমন্ত্রী ও তাঁর সফরসঙ্গীদের নিয়ে লুফথানসা এয়ারের একটি বিমান বেলা ১টা ১০ মিনিটে (স্থানীয় সময়) ফিনল্যান্ডের হেলসিংকি আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। প্রধানমন্ত্রী ফিনল্যান্ডের হেলসিংকি যাওয়ার পথে জার্মানির ফ্রাঙ্কফুর্ট আন্তর্জাতিক বিমানবন্দরে প্রায় চারঘণ্টার যাত্রাবিরতি করেন। এর আগে প্রধানমন্ত্রী সৌদি আরবে তিনদিনের এক সরকারি সফর শেষে স্থানীয় সময় রাত ১টা ৩০ মিনিটে জেদ্দার বাদশাহ আব্দুল আজিজ আন্তর্জাতিক বিমানবন্দর থেকে ফিনল্যান্ডের উদ্দেশে যাত্রা করেন। ফিনল্যান্ড সফরকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ ৪ জুন মঙ্গলবার দেশটির প্রেসিডেন্ট সাউলি নিনিস্তোর সঙ্গে বৈঠক করবেন। আগামী ৭ জুন বিকালে প্রধানমন্ত্রী ঢাকার উদ্দেশে ফিনল্যান্ড ত্যাগ করবেন। পরের দিন ৮ জুন তিনি ঢাকায় পৌঁছাবেন বলে আশা করা হচ্ছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮)।

৪। প্রধানমন্ত্রীর পক্ষে ঈদ শুভেচ্ছা বিনিময় করবেন সেতুমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের বাইরে থাকায় তাঁর পক্ষে ঈদ শুভেচ্ছা বিনিময় করবেন দলের সাধারণ সম্পাদক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। ঈদুল ফিতরের দিন রাজধানীর বঙ্গবন্ধু এভিনিউয়ে আওয়ামী লীগ কেন্দ্রীয় কার্যালয়ে অনুষ্ঠিত হবে এ ঈদ শুভেচ্ছা বিনিময়। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮)।

৫। সড়কপথে ঈদযাত্রা স্বস্তিদায়ক হচ্ছে : সেতুমন্ত্রী

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, বহুদিন পর এবারের সড়কপথে ঈদযাত্রা স্বস্তিদায়ক হচ্ছে। গতকাল (৩ জুন সোমবার) সচিবালয়ে মন্ত্রণালয়ের সভাকক্ষে আয়োজিত এক সংবাদসম্মেলনে তিনি আরো বলেন, প্রধানমন্ত্রীর নির্দেশ বাড়ি ফেরা মানুষের যাত্রা স্বস্তিদায়ক করা। ফেরার পথেও যাত্রা যেন শোভন ও নিরাপদ হয় সরকার সে চেষ্টা করছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৭)।

৬। গণমাধ্যমকর্মীসহ দেশবাসীকে তথ্যমন্ত্রীর ঈদ শুভেচ্ছা

পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ গতকাল (৩ জুন সোমবার) এক শুভেচ্ছাবার্তায় সব গণমাধ্যমকর্মীসহ দেশবাসীকে শান্তিময় ও আনন্দমুখর ঈদ কামনায় শুভেচ্ছা জানিয়েছেন। তথ্যমন্ত্রী বলেন, সবাইকে আমি পবিত্র ঈদুল ফিতরের শুভেচ্ছা এবং ঈদের আনন্দ সবার সঙ্গে ভাগ করে নেওয়ার আহ্বান জানাই। ঈদ উৎসব সর্বজনীন । ধর্ম-বর্ণ গোত্রনির্বিশেষে সবার জন্য এ ঈদকে আনন্দমুখর রাখতে সরকার অতন্দ্র প্রহরীর ভূমিকা পালন করছে। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.১)।

৭। জাতীয় ঈদগাহে ঈদুল ফিতরের প্রধান জামাত সকাল সাড়ে ৮টায়
নিরাপত্তার জন্য জাতীয় ঈদগাহ ময়দানে প্রবেশে তিন দফা তল্লাশি : ডিএমপি কমিশনার

রাজধানীর জাতীয় ঈদগাহে ঈদুল ফিতরের প্রধান জামাত অনুষ্ঠিত হবে সকাল সাড়ে ৮টায়। একই স্থানে দ্বিতীয় জামাত অনুষ্ঠিত হবে সকাল ৯টায়। তবে আবহাওয়া অনুকূলে না থাকলে বায়তুল মোকাররম জাতীয় মসজিদে সকাল সাড়ে ৮টায় ঈদের প্রধান জামাত অনুষ্ঠিত হবে। বাড়তি নিরাপত্তার অংশ হিসেবে জাতীয় ঈদগাহ ময়দানে প্রবেশের সময় মুসল্লিদের তিন দফায় তল্লাশি করা হবে। জাতীয় ঈদগাহ ময়দানজুড়ে ইতোমধ্যে স্থাপন করা হয়েছে সিসিটিভি ক্যামেরা। মুসল্লিরা সঙ্গে জায়নামাজ এবং প্রয়োজনে ছাতা নিয়ে ঈদগাহ ময়দানে ঢুকতে পারবেন। গতকাল (৩ জুন সোমবার) সকালে জাতীয় ঈদগাহ ময়দানের নিরাপত্তা কার্যক্রম পরিদর্শন শেষে ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি) কমিশনার মো. আছাদুজ্জামান মিয়া এসব তথ্য জানান। সূত্র-**সমকাল** (পৃ.১৫,ক.৫)।

৮। চীনের সঙ্গে সম্পর্ক জোরদার করা হবে : রাষ্ট্রদূতকে স্পিকার

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সঙ্গে চীনের রাষ্ট্রদূত ঝ্যাং ঝুও গতকাল (৩ জুন সোমবার) তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেছেন। সাক্ষাৎকালে তাঁরা দ্বি-পক্ষীয় সম্পর্ক উন্নয়ন, বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়ন ও সংসদীয় মৈত্রী গ্রুপ গঠন নিয়ে আলোচনা করেন। চীন বাংলাদেশের অকৃত্রিম বন্ধু উল্লেখ করে স্পিকার আরো বলেন, বাংলাদেশের সঙ্গে চীনের এ সম্পর্ক ভবিষ্যতে আরো জোরদার করা হবে। বাংলাদেশের অন্যতম উন্নয়ন অংশীদার চীন। তিনি বাংলাদেশের অবকাঠামোগত উন্নয়নে চীনের ভূমিকার প্রশংসা করেন ও ধন্যবাদ জানান। এ সময় তিনি সকল সহযোগিতা অব্যাহত রাখার অনুরোধ জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৬)।

৯। আগামী ৭ জুন ঐতিহাসিক ৬ দফা দিবস : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী'র বাণী

আগামী শুক্রবার ৭ জুন ঐতিহাসিক ছয়-দফা দিবস। ১৯৬৬ সালের ৭ জুন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঘোষিত বাঙালি জাতির মুক্তির সনদ ৬-দফা দাবির পক্ষে দেশব্যাপী তীব্র গণআন্দোলনের সূচনা হয়। রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা দিবসটি উপলক্ষে পৃথক বাণী প্রদান করেছেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.২)।

১০। বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ জাপানি ভাষায় প্রকাশ

১৯৭১ সালের ৭ মার্চ তৎকালীন রেসকোর্স ময়দানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বজ্রকণ্ঠে অগ্নিঝরা ভাষণ জাপানি ভাষায় প্রকাশ পেয়েছে। ঐতিহাসিক সে ভাষণের জাপানি অনুবাদ প্রকাশ করেছে জাপানের টোকিওস্থ বাংলাদেশ দূতাবাস। ভাষণটি ইংরেজি ছাড়া অন্য কোনো বিদেশি ভাষা হিসেবে জাপানিতেই প্রথম অনুবাদ করা হলো। বঙ্গবন্ধুকন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ২৯ মে জাপান সফরের সময় জাপানের শীর্ষস্থানীয় ব্যবসায়ীদের সঙ্গে একটি গোলটেবিল সভা করেন। সে সভায় প্রধানমন্ত্রী জাপানি ভাষায় অনুবাদকৃত ৭ই মার্চের বঙ্গবন্ধুর ভাষণের পুস্তিকার মোড়ক উন্মোচন করেন এবং জাপানি ব্যবসায়ীসহ উপস্থিত সকলের মধ্যে বিতরণ করেন। বঙ্গবন্ধুর রাজনৈতিক প্রজ্ঞা ও দূরদর্শিতার প্রমাণ ৭ই মার্চের ভাষণ, যার মাধ্যমে তিনি স্বাধীনতার ডাক দিয়েছিলেন, সে ভাষণের মর্মার্থ জাপানিদের কাছে তুলে ধরার লক্ষ্যে পুস্তিকাটি জাপানের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান ও গুরুত্বপূর্ণ দপ্তরে বিতরণ করা হবে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.১)।

১১। ক্রিকেট বিশ্বকাপ উপলক্ষে স্মারক ডাকটিকিট অবমুক্ত করলেন ডাক ও টেলিযোগাযোগমন্ত্রী

আইসিসি ক্রিকেট বিশ্বকাপ ২০১৯ উপলক্ষে বাংলাদেশ ডাক অধিদপ্তর ১০ টাকা মূল্যমানের দুটি স্মারক ডাকটিকিট এবং ৪০ টাকা মূল্যমানের একটি স্যুভেনির শিট প্রকাশ করেছে। গতকাল (৩ জুন সোমবার) সচিবালয়ে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সম্মেলনকক্ষে এ স্মারক ডাকটিকিট ও স্যুভেনির অবমুক্ত করেন ডাক ও টেলিযোগাযোগমন্ত্রী মোস্তাফা জব্বার। স্মারক ডাকটিকিট অবমুক্তবিষয়ক অনুষ্ঠানে ডাক ও টেলিযোগাযোগমন্ত্রী বলেন, ক্রিকেট বিশ্বকাপ ২০১৯ উপলক্ষে প্রকাশিত স্মারক ডাকটিকিট অত্যন্ত তাৎপর্যপূর্ণ একটি উদ্যোগ। প্রধানমন্ত্রী শেখ হাসিনার বাংলাদেশ আজ শুধু উন্নয়নের বাংলাদেশই নয়, দেশের ক্রীড়াঙ্গনে তাঁর আন্তরিক পৃষ্ঠপোষকতায় বাংলাদেশের সোনার ছেলেরা আজ ক্রিকেট বিশ্বকাপেও বাঙালির বীরত্বগাথার গল্প রচনা করছে। বাঙালি জাতির জন্য এ অর্জন অত্যন্ত গৌরবের ও সম্মানের বলে উল্লেখ করেন তিনি। সূত্র-**বণিকবার্তা** (পৃ.২,ক.৩)।

১২। ইইসির সঙ্গে বাংলাদেশের বাণিজ্য সহযোগিতা স্মারক স্বাক্ষর

ইউরেশিয়ান ইকোনমিক কমিশনের (ইইসি) সঙ্গে বাণিজ্য ও অর্থনৈতিক সহযোগিতা বিষয়ে সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে বাংলাদেশ। গত ৩১ মে শুক্রবার রাশিয়ার রাজধানী মস্কোতে ইইসির সদরদপ্তরে এ চুক্তি স্বাক্ষর হয়। এতে বাংলাদেশের পক্ষে স্বাক্ষর করেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি ও কমিশনের পক্ষে স্বাক্ষর করেন মন্ত্রী পদমর্যাদার কমিশনের বোর্ড সদস্য তাতিয়ানা ভালোভায়া। 'মেমোরেন্ডাম অভ্ কো-অপারেশন বিটুইন দি ইউরেশিয়ান ইকোনমিক কমিশন অ্যান্ড দ্য গভর্নমেন্ট অভ্ দ্য পিপলস রিপাবলিক অভ্ বাংলাদেশ' শীর্ষক চুক্তি স্বাক্ষরের পর বাণিজ্যমন্ত্রী আশাবাদ ব্যক্ত করে বলেন, রাশিয়ার বাজারে বাংলাদেশের পণ্য রফতানি ও অর্থনৈতিক সহযোগিতা বাড়বে। গতকাল (৩ জুন সোমবার) এক সংবাদ বিবৃতিতে এসব তথ্য জানিয়েছে বাণিজ্য মন্ত্রণালয়। সূত্র-**বণিকবার্তা** (পৃ.২,ক.১)।